

২০২২

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-G-SEC-T-3

(লোকগান)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ক) লোকগানে কোন্ কোন্ বিষয়ের প্রতিফলন ঘটে?
- খ) গাউনি বলতে কাদের বোঝায়?
- গ) ভাদুগান কখন গাওয়া যায়?
- ঘ) টুসু গান বলতে কী বোঝ? এই গান কোথায় প্রচলিত?
- ঙ) ভাওয়াইয়া গানের কটি ভাগ ও কী কী?
- চ) লালন ফকিরের কয়েকজন শিষ্যের নাম উল্লেখ করো।
- ছ) আলকাপ গানের কয়েকজন শিল্পীর নাম লেখো।

[পর পৃষ্ঠায়]

জ) “ও ভাটিয়াল গাঙ্গের নাইয়া” — কী ধরনের গান? এই ধরনের গানের একটি বৈশিষ্ট্য লেখো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) আলকাপ গান কোথায় প্রচলিত? এর নামকরণের তাৎপর্য লেখো।

খ) তোমাদের পাঠ্য একটি বিয়ের গানের উল্লেখ করে তাৎপর্য সংক্ষেপে বিশ্লেষণ করো।

গ) ‘ভাওয়াইয়া’ গান কোথায় কোথায় প্রচলিত? এই গানের বৈশিষ্ট্য লেখো।

ঘ) “এই ধর্মের বিচার করো রে ভাই,” — কী ধরনের গান? গানটির তাৎপর্য সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ‘সব লোকে কয় লালন কি জাত সংসারে’ — উল্লিখিত অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

খ) পশ্চিমবঙ্গের লোকসঙ্গীত সম্পর্কে আলোকপাত করো।

গ) ভাটিয়ালি গানের উৎপত্তি সম্পর্কে আলোচনা করো।

ঘ) ভাওয়াইয়া গান কেন অবলুপ্তির পথে— কারণ দেখাও।